



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী:

সভাপতি	জনাব মোঃ রফিকুল ইসলাম অতিরিক্ত সচিব (প্রশাসন)
সভার তারিখ	২৭/১২/২০২১ খ্রি.
সভার সময়	বেলা ২:৩০ টা
স্থান	ভার্চুয়াল প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সরকারের অগ্রাধিকার খাতসমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় সকল মন্ত্রণালয়/বিভাগের চলতি অর্থবছরের (২০১-২২) বাজেট সুষ্ঠু ও সময়মত বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে সংশোধিত বাজেট প্রণয়নের জন্য সকলের প্রতি আহ্বান জানান।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের সহকারী সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের (২০২১-২২) সংশোধিত বাজেট প্রণয়নের জন্য অর্থ বিভাগ পরিপত্র জারি করেছে। উক্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রণয়ন করা হয়েছে। তবে সংশোধিত বাজেটে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার অনুকূলে বরাদ্দকৃত অর্থের পুনঃউপযোজন/অতিরিক্ত বরাদ্দের চাহিদা রয়েছে। তিনি আলোচ্যসূচি মোতাবেক প্রস্তাবিত নিম্নবর্ণিত সংশোধিত বাজেট পর্যালোচনায় সভায় উপস্থাপন করেন:

(অঙ্কসমূহ হাজার টাকায়)

মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থা	২০২১-২২ অর্থবছর				মন্তব্য
	মূল বরাদ্দ	সংশোধিত বাজেটে দপ্তর/সংস্থার চাহিদা (পুনঃউপযোজনসহ)	সংশোধিত বাজেটে দপ্তর/সংস্থার অতিরিক্ত চাহিদা	প্রস্তাবিত সংশোধিত বরাদ্দ (পুনঃউপযোজন ও অতিরিক্ত বরাদ্দের প্রতিফলনসহ)	
পরিচালন ব্যয়					
সাধারণ কার্যক্রম, সচিবালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	১২৯৪০০	১২৯৪০০	০	১২৯৪০০ -	
মোট সাধারণ কার্যক্রম	১২৯৪০০	১২৯৪০০	০	১২৯৪০০	

বিশেষ কার্যক্রম, সচিবালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়					
সরকারি কর্মচারীদের জন্য ঋণ	১৫০০	১৫০০	০	১৫০০	-
ক্রীড়া উন্নয়ন (টুর্নামেন্ট)	৩০০০০০	৩০৫৮৫০	০	৩০৫৮৫০	ন্যাশনাল সার্ভিস খাত হতে ইতোমধ্যে ৫৮৫০ হাজার (আটান্ন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পুনঃউপযোজন করা হয়েছে।
জাতীয় ক্রীড়া পুরস্কার	৫৬০০	২২৬০০	০	২২৬০০	ন্যাশনাল সার্ভিস খাত হতে ইতোমধ্যে ১৭০০০ হাজার (এক কোটি সত্তর লক্ষ) টাকা পুনঃউপযোজন করা হয়েছে।
আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ	২৮০০০০	৩৩২৫০০	৫২৫০০	৩৩২৫০০	২০২১-২০২২ অর্থবছরে অনুষ্ঠিত আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতার প্রশিক্ষণ, প্রতিযোগিতা আয়োজন ও অংশগ্রহণের জন্য আরো অতিরিক্ত ৫২৫০০ হাজার (পাঁচ কোটি পঁচিশ লক্ষ) বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।
ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান	১৫৪০০	১৫৪০০	০	১৫৪০০	-
সমাপ্ত উন্নয়ন প্রকল্প	৩৪০০০০	৩৪০০০০	০	৩৪০০০০	-
ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটাল ২০২০	০	৩৩৪৫৫	০	৩৩৪৫৫	ন্যাশনাল সার্ভিস খাত হতে ইতোমধ্যে ৩৩৪৫৫ (তিন কোটি তৌত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পুনঃউপযোজন করা হয়েছে।
ডি-৮ শীর্ষ সম্মেলন	০	৮৬৫৭	৮৬৫৭	৮৬৫৭	ডি-৮ শীর্ষ সম্মেলন আয়োজনের নির্দেশনা রয়েছে।
শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড	০	৪১৫৮	৪১৫৮	৪১৫৮	প্রতিবছর শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড প্রদান করা হবে।
কমনওয়েলথ যুব উন্নয়ন কার্যক্রম	২৪০০	২৪০০	০	২৪০০	
ওয়ার্ল্ড এন্টি ডোপিং এজেন্সী (ডব্লিউএডিএ)	৫০০	৯০০	৪০০	৯০০	ন্যাশনাল সার্ভিস খাত হতে ইতোমধ্যে ৪০০ হাজার (চার লক্ষ) টাকা পুনঃউপযোজনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।
মোট বিশেষ কার্যক্রম	৯৪৫৪০০	১০৬৭৪২০	৬৫৭১৫	১০৬৭৪২০	
সহায়তা কার্যক্রম, সচিবালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়					
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)	৭২০০০০	৭১৪৭৫০	-৫২৫০	৭১৪৭৫০	ভ্রমণ ব্যয় ৫০% ও যানবাহন ক্রয় খাতে বরাদ্দকৃত অর্থ হ্রাস করা হয়েছে।

স্টেডিয়ামসমূহ	১১৫০০০	১৫৫০০০	৪০০০০	১৫৫০০০	স্টেডিয়াম মেরামত ও সংস্কার বাবদ অতিরিক্ত ৪০০০০ হাজার (চার কোটি) টাকা বরাদ্দ চাওয়া হয়েছে।
জাতীয় ক্রীড়া পরিষদ	৩০০০০০	৩০৮৩২০	৮৩২০	৩০৮৩২০	বার্ষিক সাধারণ সম্মেলন ও স্বাধীন বাংলা ফুটবল দলের সংবর্ধনার জন্য অনুষ্ঠান উৎসবাদি খাতে, কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ জন্য প্রশিক্ষণ খাতে, ভ্রমণ ব্যয় খাতে, সফটওয়্যার খাতে ও পরিষ্কার পরিচ্ছন্নতা খাতে মোট ৮৩২০ হাজার (তিরিশ লক্ষ বিশ হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট	০	৬১২২৮	০	৬১২২৮	ন্যাশনাল সার্ভিস খাত হতে ইতিমধ্যে ৬১২২৮ হাজার (ছয় কোটি বারো লক্ষ আটশ হাজার) টাকা পুনঃউপযোজন করা হয়েছে।
যুব কল্যাণ তহবিল	৩০০০০০	৩০০০০০	০	৩০০০০০	-
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন	৩২৭০০	৩২৭০০	০	৩২৭০০	-
বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন	১৮০০	১৮০০	০	১৮০০	-
ক্রীড়া সংস্থার মঞ্জুরি	৩২০০০০	৩২০০০০	০	৩২০০০০	-
মোট সহায়তা কার্যক্রম	১৫১৯৫০০	১৬২৩৭৯৮	৪৩০৭০	১৬২৩৭৯৮	-
মোট সচিবালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	২৫৯৪৩০০	২৮২০৬১৮	১০৮৭৮৫	২৮২০৬১৮	-
সাধারণ কার্যক্রম, ক্রীড়া পরিদপ্তর					
প্রধান কার্যালয়, ক্রীড়া পরিদপ্তর	১৬২২০০	১৬৪০৪২	১৮৪২	১৬৪০৪২	নতুন কর্মচারী নিয়োগ হওয়ায় ও অফিস ভবন ভাড়া বৃদ্ধি পাওয়ায় ১৮৪২ হাজার (আঠারো লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।
জেলা ক্রীড়া অফিসসমূহ	১৬৩১০০	১৬৮৫১৬	৫৪১৬	১৬৮৫১৬	উচ্চতর স্কেল, ল্যাম্পগ্রান্ট, খোরপোস ভাতা, দায়িত্ব ভাতা, ও মোবাইল ভাতা বাবদ ৫৪১৬ হাজার (চুয়ান্ন লক্ষ ষোলো হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

শারীরিক শিক্ষা কলেজ(৬টি)	১৩৮৬০০	১৪৫৮৬৬	৭২৬৬	১৪৫৮৬৬	নতুন নিয়োগ, লাম্পগ্রান্ট, বকেয়া পৌরকর পরিশোধ ইত্যাদি বাবদ ৭২৬৬ হাজার (বাহাতর লক্ষ ছিষটি হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।
মোট ক্রীড়া পরিদপ্তর	৪৬৩৯০০	৪৭৮৪২৪	১৪৫২৪	৪৭৮৪২৪	
সাধারণ কার্যক্রম, যুব উন্নয়ন অধিদপ্তর					
প্রধান কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর	৩৬৮০০০	৫০৪৬১৯	১৩৬৬১৯	৫০৪৬১৯	প্রকৃত চাহিদার ভিত্তিতে বেতন খাতে ১০২১০ হাজার (এক কোটি দুই লক্ষ দশ হাজার) টাকা হাস করা হয়েছে। তবে অন্যান্য ভবন ও স্থাপনা খাতে ১২৬৪৭৯ হাজার (বারো কোটি চৌষটি লক্ষ উনআশি হাজার) টাকা এবং "Economic Inclusion of Rural NEET Youth in Post-Covid Situation through Skill Development, Employment, Self- employment and Entrepreneurship Supports & USAID" শীর্ষক প্রকল্পে পরামর্শক ও পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য ২০৩৫০ হাজার (দুই কোটি তিন লক্ষ পঞ্চাশ হাজার টাকাসহ মোট ১৪৬৮২৯ হাজার (চৌদ্দ কোটি আটষটি লক্ষ উনত্রিশ হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য প্রস্তাব করা হয়েছে।
জেলা যুব উন্নয়ন কার্যালয়সমূহ	১০০০৫০০	১০১১০০১	১০৫০১	১০১১০০১	প্রশিক্ষণ বাবদ ১০৫০১ হাজার (এক কোটি পঁচ লক্ষ এক হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।
উপজেলা যুব উন্নয়ন কার্যালয়সমূহ	২৪৬৮২০০	২৪৬৮২০০	০	২৪৬৮২০০	-
মেট্রোপলিটন থানা কার্যালয়সমূহ	৬৩৫০০	৬৩৫০০	০	৬৩৫০০	-

যুব প্রশিক্ষণ কেন্দ্রসমূহ	৫০৬২০০	৬১৪১৭৯	১০৭৯৭৯	৬১৪১৭৯	সমাপ্ত উন্নয়ন প্রকল্পের প্রশিক্ষণ বাবদ ৯৭৯৭৯ হাজার টাকা এবং যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ বাবদ ১০০০০ হাজার টাকাসহ মোট ১০৭৯৭৯ হাজার (দশ কোটি উনআশি লক্ষ উনআশি হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।
মোট সাধারণ কার্যক্রম	৪৪০৬৪০০	৪৬৬১৪৯৯	২৫৫০৯৯	৪৬৬১৪৯৯	-
বিশেষ কার্যক্রম, যুব উন্নয়ন অধিদপ্তর			০	০	
ন্যাশনাল সার্ভিস	৯৫২৫০০	৪৪৫৮৭২	-৫০৬৬২৮	৪৪৫৮৭২	ইতোমধ্যে ন্যাশনাল সার্ভিস এর অনুকূলে কল্যাণ অনুদান খাত হতে ১১১৫৭৮ হাজার (এগারো কোটি পনেরো লক্ষ আটাত্তর হাজার) টাকা পুনঃউপোজন করা হয়েছে। এছাড়া, ওআইসি ইয়ুথ ক্যাপিটাল খাতে ৫৯৫৬ হাজার টাকা ও ওয়ার্ল্ড এন্টি ডোপিং এজেন্সী (ডব্লিউএডিএ) খাতে ৪০০ হাজার টাকাসহ মোট ৬৩৫৬ হাজার (তেষট্টি লক্ষ ছাপান্ন হাজার) টাকা পুনঃউপোজনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। এখাত আরো ৩৮৮৬৯৪ হাজার (আটত্রিশ কোটি ছিয়াশি লক্ষ চুরানব্বই হাজার) টাকা অবশিষ্ট রয়েছে।
মোট বিশেষ কার্যক্রম	৯৫২৫০০	৪৪৫৮৭২	-৫০৬৬২৮	৪৪৫৮৭২	
মোট যুব উন্নয়ন অধিদপ্তর	৫৩৫৮৯০০	৫১০৭৩৭১	-২৫১৫২৯	৫১০৭৩৭১	
মোট পরিচালন ব্যয়	৮৪১৭১০০	৮৪০৬৪১৩	-১২৮২২০	৮৪০৬৪১৩	
উন্নয়ন ব্যয়					
সচিবালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়					
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)	৪৫৮১০০	৭২৫৬৮২	২৬৭৫৮২	৭২৫৬৮২	
জাতীয় ক্রীড়া পরিষদ	১৪১৩৯০০	৪৫৩১৩৩৩	৩১১৭৪৩৩	৪৫৩১৩৩৩	
সংরক্ষিত	৯০৮৩০০	০	-৯০৮৩০০	০	
মোট সচিবালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	২৭৮০৩০০	৫২৫৭০১৫	২৪৭৬৭১৫	৫২৫৭০১৫	
প্রধান কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর	১৮৬০০	৭৬১৫০০	৭৪২৯০০	৭৬১৫০০	
মোট প্রধান কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর	১৮৬০০	৭৬১৫০০	৭৪২৯০০	৭৬১৫০০	
মোট উন্নয়ন ব্যয়	২৭৯৮৯০০	৬০১৮৫১৫	৩২১৯৬১৫	৬০১৮৫১৫	

সর্বমোট (পরিচালন ও উন্নয়ন ব্যয়)	১১২১৬০০০	১৪৪২৪৯২৮	৩০৯১৩৯৫	১৪৪২৪৯২৮	
-----------------------------------	----------	----------	---------	----------	--

০৩। সভাপতি কোন খাতে অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে যৌক্তিকতা যাচাই এবং ব্যয়ের সক্ষমতা অনুযায়ী বরাদ্দ প্রস্তাব প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) বর্তমান অর্থবছরের (২০২১-২২) সংশোধিত বাজেটে এ মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার অতিরিক্ত চাহিদা এবং প্রস্তাবিত সংশোধিত বরাদ্দ (পুনঃউপযোজন ও অতিরিক্ত বরাদ্দের প্রতিফলনসহ) বিএমসি সভায় উপস্থাপনের সুপারিশ করা হয়।

০৪। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জনাব মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.২০.০০৩.২১.৭০৬


তারিখ: ১৪ পৌষ ১৪২৮

২৯ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা। (দৃ:আ: উপসচিব, বাজেট-২৩ শাখা, অর্থ বিভাগ)।
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা। (দৃ:আ: সহকারী/সিনিয়র সহকারী প্রধান/সিনিয়র সহকারী সচিব, আর্থ-সামাজিক উইং)।
- ৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা। (দৃ:আ: সহকারী/সিনিয়র সহকারী প্রধান/সিনিয়র সহকারী সচিব, স্কাইসোয়াম উইং)।
- ৪) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৫) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৬) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
- ৭) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৮) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৯) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
- ১০) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১১) উপসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১২) উপসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩) উপসচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৬) হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

- ১৭) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ১৮) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।



এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব